**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৬/২০২৩ জে, তারিখ: ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: দেশের ৬৪টি জেলার লিগ্যাল এইড অফিসারদের কার্যক্রমকে আরো গতিশীল ও নিবিড়ভাবে পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের নিমিত্ত হাইকোর্ট বিভাগের একজন মাননীয় বিচারপতি মহোদয়কে মনোনয়ন প্রদান করতঃ 'Monitoring Committee for District Legal Aid Officers' গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কোর্টের গত ২৭.০১.২০২২ তারিখের ০৫/২০২২নং বিজ্ঞপ্তিমূলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় দেশের ৮টি বিভাগের প্রত্যেক বিভাগের জন্য হাইকোর্ট বিভাগের একজন মাননীয় বিচারপতি মহোদয়কে মনোনয়ন প্রদান করতঃ পৃথক পৃথক ৮ (আট)টি Monitoring Committee for Subordinate Courts গঠন করেছেন। উক্ত Monitoring Committee for Subordinate Courts কর্তৃক দায়িত্বপ্রাপ্ত বিভাগের অন্তর্ভুক্ত জেলার বিভিন্ন আদালতের বিচারকগণসহ জেলা লিগ্যাল এইড অফিসারগণকেও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করছেন। কিন্তু সারাদেশের ৬৪টি জেলার লিগ্যাল এইড অফিসারদের কার্যক্রমকে আরো গতিশীল ও নিবিড়ভাবে পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে ৬৪টি জেলার লিগ্যাল এইড অফিসারদের জন্য একটি পৃথক Monitoring Committee গঠন করা আবশ্যক।

২। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় দেশের ৬৪টি জেলার লিগ্যাল এইড অফিসারদের কার্যক্রমকে আরো গতিশীল ও নিবিড়ভাবে পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান মাননীয় বিচারপতি জনাব নাইমা হায়দার মহোদয়কে মনোনয়ন প্রদান করতঃ 'Monitoring Committee for District Legal Aid Officers' গঠন করেছেন। উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের নিমিত্ত সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার (অতিরিক্ত জেলা জজ) জনাব ফারাহ্ মামুন-কে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, 'Monitoring Committee for District Legal Aid Officers' গঠনের বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৩২২২ (৯) জে, তারিখ: ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ ................................................................................................ (সকল)।
৩. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
৪. সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, ঢাকা।
৫. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৬. সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, Monitoring Committee for Subordinate Courts-ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত মাননীয় বিচারপতি মহোদয়-কে অবগতকরণের অনুরোধসহ)।

৭. জেলা লিগ্যাল এইড অফিসার, ........................................................................................ (সকল)।
৮. রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১০. মাননীয় বিচারপতি জনাব নাইমা হায়দার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর অনুরোধসহ)।
১১. অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫